

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-২
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৫.০১৩.০১৩.১৬-৬৮৩

তারিখ- ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রাপকঃ- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের জন্য কর্মকর্তাদের চীন গমনের অনুমতি।

মহোদয়,

আদিষ্ট হয়ে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ থেকে ০২ অক্টোবর, ২০১৬ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ০৩ (তিন) দিনের জন্য ২,০০০ (দুই হাজার) পিস 38 mm Tear Gas Gun ক্রয়ের বিষয়ে Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের অনুকূলে চীন গমনের সরকারী অনুমোদন জ্ঞাপন করছিঃ

ক্রঃ নং	নাম, পদবী ও কর্মস্থল
০১	জনাব মোঃ আবদুল ওয়াহাব ভূঞা, উপসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০২	জনাব মোঃ আনোয়ার হোসেন খান, পুলিশ সুপার, কিশোরগঞ্জ জেলা

শর্তাবলীঃ

- (ক) FAT কার্যক্রমে অংশগ্রহণের লক্ষ্যে মনোনীত কর্মকর্তাদের চীন গমনের যাবতীয় ব্যয়ভার সরবরাহকারী প্রতিষ্ঠান M/S Tasneem-E-Ferdous বহন করবে।
 - (খ) তাদের বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
 - (গ) তারা FAT কার্যক্রমে অংশগ্রহণের জন্য বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
 - (ঘ) তারা ২৯ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং FAT কার্যক্রম শেষে আগামী ০৩ অক্টোবর, ২০১৬ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশে অবস্থান করতে পারবেন না।
 - (ঙ) বিদেশ হতে প্রত্যাবর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তারা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পুলিশ অধিশাখা-৪ এ বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন দাখিল করে পুলিশ-২ শাখায় অবহিত করবেন।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

3/1/-

ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৬৩৩৯ (অঃ)।

নং-৪৪.০০.০০০০.০৯৫.০১৩.০১৩.১৬-৬৮৩/১(৯)

তারিখ- ১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী/সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-সচিব, পুলিশ-১/পুলিশ-৪ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৯। জনাব.....।

ফারজানা জেসমিন
সিনিয়র সহকারী সচিব